

≣ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০:৩০

া আরবি মূল আয়াত:

সেদিন আমি জাহান্নামকে বলব, 'তুমি কি পরিপূর্ণ হয়েছ'? আর সে বলবে, 'আরো বেশি আছে কি'? — আল-বায়ান সে দিন আমি জাহান্নামকে জিজ্ঞেস করব, 'তুমি কি পরিপূর্ণ হয়েছ'? সে বলবে, 'আরো বেশি আছে কি?' — তাইসিরুল

সেই দিন আমি জাহান্নামকে জিজ্ঞেস করবঃ তুমি কি পূর্ণ হয়ে গেছ? জাহান্নাম বলবেঃ আরও আছে কি? — মুজিবুর রহমান

On the Day We will say to Hell, "Have you been filled?" and it will say, "Are there some more," — Sahih International

৩০. সেদিন আমরা জাহান্নামকে জিজ্ঞেস করব, তুমি কি পূর্ণ হয়েছ? জাহান্নাম বলবে, আরো বেশী আছে কি?(১)

(১) হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, জাহান্নামে ফেলা হবে শেষ পর্যন্ত জাহান্নাম বলবে, আরো বেশীর অবকাশ আছে কি? অবশেষে মহান আল্লাহ তাঁর পবিত্র পা জাহান্নামে রাখবেন, তখন জাহান্নাম বলবে, কাত, কাত বা পূর্ণ হয়ে গেছি। বিখারী ৪৮৪৮, ৭৪৪৯, মুসলিম ২৮৪৬]

তাফসীরে জাকারিয়া

- (৩০) সেদিন আমি জাহান্নামকে জিজ্ঞেস করব, 'তুমি কি পূর্ণ হয়ে গেছ?' জাহান্নাম বলবে, 'আরো আছে কি?'[1]
 - [1] মহান আল্লাহ বলেছেন, {لَأَمْلِأَنَّ جَهَانًا مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ أَجْمَعِينَ ('আমি অবশ্যই জাহান্নামকে মানুষ ও জ্বিদিয়ে ভর্তি করব।'' (সূরা সাজদাহ ১৩ আয়াত) এই প্রতিশ্রুতি যখন পূরণ করা হবে এবং মহান আল্লাহ কাফের জ্বিন ও মানুষকে জাহান্নামে নিক্ষেপ করে দেবেন, তখন তিনি জাহান্নামকে জিঞ্জেস করবেন, তুই ভরে গেছিস, না ভরিস নি? সে উত্তর করবে, আরো আছে কি? অর্থাৎ, যদিও আমি ভরে গেছি, কিন্তু হে আল্লাহ! তোমার শক্রদের জন্য আমার উদরে আরো ঢুকার মত স্থান আছে। জাহান্নামের সাথে আল্লাহর এই কথোপকথন এবং জাহান্নামের উত্তর প্রদান আল্লাহর ক্ষমতার কাছে মোটেই কোন (অসম্ভব) ব্যাপার নয়। হাদীসেও এসেছে যে, ''আগুনে



মানুষদেরকে নিক্ষেপ করা হবে, আর জাহান্নাম বলবে যে, (هَلْ مِن مَّزِيْدِ) (আরো আছে কি?) এমন কি জাহান্নামে মহান আল্লাহ তাঁর পা রেখে দেবেন, ফলে জাহান্নাম বলবে, قَط قَط (বাস্ বাস্)। (বুখারীঃ তাফসীর সূরা কা-ফ) পক্ষান্তরে জান্নাত সম্পর্কে এসেছে যে, সেখানে তখনও স্থান খালি থাকবে। তাই তার জন্য আল্লাহ নতুন সম্প্রদায় সৃষ্টি করবেন, যার দ্বারা তিনি তা পূর্ণ করবেন। (মুসলিমঃ জান্নাত অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4660

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন